

'সবার জন্য শিক্ষা' কর্মসূচি ২০১৫ সালেও বাস্তবায়ন হওয়া নিয়ে সংশয়

নিজস্ব বার্তা পরিবেশক : 'ক্যামা' ও 'উইমেন ফর উইমেন' আয়োজিত সেমিনারে বক্তারা বলেছেন, 'অবকাঠামোগত সুবিধা পর্যাপ্ত পরিমাণে না থাকার কারণেই আমাদের দেশে শিক্ষা ব্যবস্থার মানোন্নয়ন ঘটছে না।' বক্তারা আরও বলেন, 'পরিকল্পনা প্রণয়নের পর তা বাস্তবায়নে দীর্ঘসূত্রতার কারণে ২০০০ সালের মধ্যে সবার জন্য শিক্ষা নিশ্চিত করার কর্মসূচি ২০১৫ সালেও বাস্তবায়ন হবে কিনা তা নিয়ে সংশয় দেখা দিয়েছে।'

মঙ্গলবার সকালে এলজিইডি মিলনায়তনে অনুষ্ঠিত 'এনজেডাবিএ এনপিএ (ন্যাশনাল প্লান অফ অ্যাকশন) ফর ইএফএ' (অ্যাডভোকেশন ফর অল) শীর্ষক সেমিনারে বক্তব্য রাখেন অধ্যাপক রেহমান সোবহান, ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনাম, ড. হামিদা আখতার বেগম, রওশন জাহান, নুরুল ইসলাম খান, রাশেদা কে. চৌধুরী প্রমুখ।

এতে বিভিন্ন এনপিও প্রতিনিধিরা যোগ দেন। নির্ধারিত আলোচকদের পাশাপাশি অংশগ্রহণকারীদের মধ্যে সবার জন্য শিক্ষা কর্মসূচি বিষয়ে প্রাথমিক আলোচনা এবং একটি সিদ্ধান্ত প্রস্তাব উপস্থাপনের মধ্য দিয়ে সেমিনারটি প্রাণবন্ত হয়ে ওঠে।

আয়োজকরা জানান, ওই সেমিনার থেকে প্রস্তুতকৃত একটি কর্মপরিকল্পনা সরকারকে দেয়া হবে।

সেমিনারে অধ্যাপক রেহমান সোবহান বলেন, আমাদের পরিকল্পনা সফল করতে হলে অবকাঠামোগত উন্নয়ন করতে হবে। আমরা পর্যাপ্ত নারী-পুরুষ শিক্ষার্থী চাই অর্থাৎ গ্রামের স্কুলগুলোতে মেয়েদের টয়লেট নেই, আমরা অনেক বেশি শিক্ষিকা চাই; কিন্তু গ্রামে তাদের আবাসনের সুব্যবস্থা নেই। এ বিষয়গুলো আগে আমাদের নিশ্চিত করতে হবে। তিনি বলেন, পরিকল্পনা বাস্তবায়নের জন্য কারিগরি শিক্ষা, নিরাপত্তা, তথ্য-প্রযুক্তি, সামাজিক সচেতনতা বৃদ্ধি সবগুলো কর্মসূচিকে সমন্বিত করতে হবে।

মাহফুজ আনাম বলেন, ন্যাশনাল প্লান অফ অ্যাকশন-এর সবকিছু বাস্তবায়ন হবে কিনা তা ভেবে দেখতে হবে, এ পরিকল্পনা কতটুকু বাস্তবায়ন সম্ভব তাও ভেবে দেখতে হবে।